

নাট্যকলা বিভাগের শিক্ষার্থীদের প্রযোজনা 'ডক্টর ফস্টাস' নাটক মঞ্চায়ন



১২ আগষ্ট, ২০১৮, রবিবার দুপুর ২ টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে নাট্যকলা বিভাগের ৩য় আবর্তনের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ২য় বর্ষ ২য় সেমিস্টারের শিক্ষার্থীদের নাট্য প্রযোজনা ডক্টর ফস্টাস মঞ্চায়িত হয়। উল্লেখ্য, মধ্যযুগের আলোচিত লেখক ক্রিস্টোফার মার্লোর বিখ্যাত নাটক ট্রাজিক্যাল হিস্ট্রি অব দ্যা লাইফ অ্যান্ড ডেথ অব ডক্টর ফস্টাস। নাটকটির নির্দেশনায় ছিলেন বিভাগের প্রভাষক ক্যাথরিন পিউরীফিকেশন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এবং বিভাগীয় চেয়ারম্যান কামালউদ্দিন আহমেদ উপস্থিত ছিলেন। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থী নাটকটি উপভোগ করেন।